# মডেল প্রশ্ন-২

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট | বিষয় : হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা | পূর্ণমান-১০০

১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ : ১×৪০=৪০

১। জীবের মধ্যে ঈশ্বর অবস্থান করেন–
ক. দেবতারূপে খ. ভ্রমররূপে গ. মনরূপে ঘ. আত্মারূপে

২। আত্মার নতুন দেহ ধারণ করাকে বলে?
ক. জন্মান্তর খ. নবজন্ম গ. ইহজন্ম ঘ. পরজন্ম

৩। 'যত্র জীব তত্র শিবঃ'– এখানে শিব মানে হচ্ছে–
ক. মহাদেব খ. বিষ্ণু গ. ব্রহ্মা ঘ. ঈশ্বর

৪। বিনোদ পড়াশোনায় মন দিতে পারেননি কেন?
ক. পড়াশোনা ভালোলাগত না খ. পিতার অবহেলার জন্য
গ. সংসার চালানোর জন্য ঘ. স্বদেশি আন্দোলনের প্রভাবে

৫। সকল ধর্মের সকল অনুষ্ঠানে যোগদানের মাধ্যমে আমাদের কী হবে?
ক. মানবিক গুণাবলির প্রকাশ ঘটবে
খ. একে অপরের সম্পর্কের অবনতি হবে
গ. কেউ কাউকে ভালোবাসবেন না ঘ. ঈশ্বর খুশি হবেন না

৬। দ্বাপর যুগে ভগবান শ্রীকৃষ্ণ অবতাররূপে নেমে এসেছিলেন কেন?
ক. দুষ্টের দমন ও শিষ্টের পালনের জন্য
খ. শিষ্টের দমন ও দুষ্টের পালনের জন্য
গ. পৃথিবীকে প্রলয় থেকে রক্ষার জন্য
ঘ. অত্যাচারী রাজাদের সহায়তার জন্য

৭। চিকিৎসাবিজ্ঞানের পাশাপাশি যোগসাধনা পদ্ধতির উদ্ভাবন করেন–
ক. অবতার খ. মুনি-ঋষি গ. মহাপুরুষ ঘ. বিজ্ঞানী

৮। যোগশাস্ত্র অনুসারে আসন অনুশীলনে কোনটি হয়?
ক. সকল ব্যাধির বিনাশ ঘটে খ. সকল ভক্তি জাগ্রত হয়
গ. সকল কাজে সফলতা আসে ঘ. সকল বাধা-বিঘ্ন দূর হয়

৯। নিজের পুত্রকে মৃত্যুর মুখে এগিয়ে দেওয়ার মধ্য দিয়ে বিদুলার কী ফুটে উঠেছে?
ক. গভীর দেশপ্রেম খ. নৈতিকতা গ. উদারতা ঘ. চারিত্রিক বৈশিষ্ট্য

১০। স্বরূপ জীবকে ঈশ্বর জ্ঞানে সেবা করে। তার মধ্যে কোন দুটি কাজ করে?
ক. চারিত্রিক গুণ খ. দৈহিক গুণ গ. সামাজিক গুণঘ. নৈতিক গুণ

১১। সুশীল গোমুখাসন অভ্যাসের পর কতক্ষণ শবাসন করবে?
ক. ত্রিশ সেকেন্ড খ. কুড়ি সেকেন্ড গ. চল্লিশ সেকেন্ড ঘ. পঞ্চাশ সেকেন্ড

১২। আসন আমাদের দেহ ও মনকে একাগ্রচিত্তে কিসের জন্য প্রস্তুত করে?
ক. সংযমের জন্য খ. দেব-দেবীর আরাধনার জন্য
গ. ঈশ্বরের উপাসনার জন্য ঘ. গুরুর উপাসনার জন্য

১৩। লিটনের শরীরের প্রতিটি স্নায়ুকোষ ও স্নায়ুতন্ত , টিস্যু ও পেশি সব সময় সতেজ ও কর্মক্ষম থাকে। সে–
ক. ভালো খাওয়া-দাওয়া করে খ. নিয়মিত শাকসবজি খায়
গ. নিয়মিত আসন অনুশীলন কর ঘ. নয়মিত ডাক্তারের পরামর্শ মানে

১৪। শরীর ও মন সুস্থ না থাকলে আমাদের
ক. জীবন হয় সুন্দর খ. জীবন হয় অশান্তি ময়
গ. জীবনে নেমে আসে দুর্ভোগ ঘ. জীবন অচল হয়ে পড়ে

১৫। নিয়ম অনুযায়ী আমরা কোন তিথিতে উপবাস করে থাকি?
ক. একাদশী খ. দ্বাদশী গ. ত্রয়োদশী ঘ. চতুর্দশী

১৬। 'পরোপকার' গল্পটি পাঠের মাধ্যমে আমরা কী শিখব?
ক. পরোপকার করলে অমঙ্গল হয় খ. পরোপকার করলে পুণ্য হয়
গ. পরোপকার করলে হিংসাবোধ জন্মে
ঘ. পরোপকার করলে ঈশ্বর অসন্তুষ্ট হন

১৭। প্রদীপ অন্যের সুখে ঈর্ষা করে, তার ঈর্ষাকে আমরা বলি–
ক. অহিংসা খ. হিংসুটে গ. পরোপকারী ঘ. নীতিবান

১৮। দ্বাপর যুগের অবতার হিসেবে আমরা কী জানি?
ক. শ্রীচৈতন্য খ. শ্রীরাম গ. শ্রীকৃষ্ণ ঘ. বলরাম

১৯। গুরুজনদের প্রতি কী জানানো উচিত বলে তুমি মনে কর?
ক. সম্মান খ. সহানুভূতি গ. প্রার্থনা ঘ. আবেগ

২০। 'আহারে, বিহারে ও আলাপে সংযম অভ্যাস করবে'– এটি কার বাণী?
ক. বিবেকানন্দের খ. নিবেদিতার গ. প্রণবানন্দের ঘ. আনন্দময়ীর

২১। মানুষে-মানুষে মিলের একটি সূত্র হিসেবে অনিমেশ জানবে–
ক. টাকাপয়সা খ. জনবল গ. মনুষ্যত্ব ঘ. রাজত্ব

২২। কারও প্রতি শিষ্টাচার প্রদর্শনের মধ্য দিয়ে আমাদের ধর্মীয় অনুভূতি কী হয়?
ক. জীবের ভালোবাসা খ. জীবসেবা
গ. ঈশ্বরের প্রতি শ্রদ্ধা প্রদর্শন ঘ. সমাজসেবা

২৩। সর্বাঙ্গাসন করলে সুস্থ ও সবল হয়
ক. হাঁটু খ. হাত ও পা গ. বুক ও পিঠ ঘ. সকল অঙ্গ

২৪। আশ্বিন মাসের শুক্লপক্ষকে কী বলা হয়?
ক. কৃষ্ণপক্ষ খ. অপর পক্ষ গ. পরাপক্ষ ঘ. দেবীপক্ষ

২৫। হিন্দুধর্মে জীবকে কী জ্ঞানে সেবা করতে বলা হয়েছে?
ক. দেবতা জ্ঞানে খ. ঈশ্বর জ্ঞানে গ. অবতার জ্ঞানে ঘ. অতিথি জ্ঞানে

২৬। যোগব্যায়াম, পরিমিত আহার ও উপবাস কী?
ক. নিয়ম খ. আচার গ. অনুষ্ঠানে ঘ. ধর্মের অঙ্গ

২৭। পাণ্ডবেরা কীভাবে বেঁচে গিয়েছিল?
ক. বুদ্ধিবলে খ. জ্ঞানবলে গ. বাহুবলে ঘ. চক্রান্ত বলে

২৮। ভীম রাক্ষসকে কী করলেন?
ক. ঘুষি মারলেন খ. মাটিতে ছুড়ে ফেলে দিলেন
গ. টানাটানি করলেন ঘ. আদর করলেন

২৯। বিশ্বামিত্র জাতিতে কী ছিলেন?
ক. ক্ষত্রিয় খ. ব্রাহ্মণ গ. বৈশ্য ঘ. শূদ্র

৩০। নারদকে বলা হয়–
ক. দেবর্ষি খ. শ্রুতর্ষি গ. ব্রহ্মর্ষি ঘ. মহর্ষি

৩১। ভগবান শ্রীকৃষ্ণ কার প্রতি শিষ্টাচার প্রদর্শন করেছিলেন?
ক. অর্জুন খ. ইন্দ্র গ. নকুল ঘ. নারদ

৩২। হিন্দুরা সৃষ্টিকর্তাকে কী বলে?
ক. গড খ. যীশু গ. ঈশ্বর ঘ. আল্লাহ

৩৩। সাধনার পথ–
ক. একটি খ. দুটি গ. পাঁচটি ঘ. বহু

৩৪। বিনোদের পরিচয় হয় কী হিসাবে?
ক. সন্ন্যাসী খ. তপস্বী ব্রহ্মচারী গ. অবতার ঘ. মানব সেবক

৩৫। মার্গারেটের পিতা স্যামুয়েল ছিলেন–
ক. ব্যবসায়ী খ. ধর্ম প্রচারক গ. সমাজসেবক ঘ. গির্জার প্রধান

৩৬। উপাসনার জন্য প্রয়োজন–
ক. তীর্থযাত্রা খ. শরীর ও মনের সুস্থতা গ. ধন-সম্পদ ঘ. মন্দির

৩৭। ধ্রুবের উপাখ্যানটি আমরা কোন গ্রন্থে পেতে পারি?
ক. মহাভারতে খ. শ্রী শ্রী চণ্ডী গ. রামায়ণ ঘ. ভাগবত পুরাণ

৩৮। পরমতসহিষ্ণুতাকে আমরা কী বলে মানব?
ক. সামাজিকতা খ. আদর্শ গ. সম্প্রীতি ঘ. ধর্মের অঙ্গ

৩৯। শরণাগতদীনার্থ পরিত্রাণ পরায়ণ– অংশটি কিসের?
ক. শ্রীশ্রী চণ্ডী খ. শ্রীমদ্ভগবদ্গীতা গ. বেদ ঘ. উপনিষদ

৪০। যা অরণ্যে রচিত তাকে আমরা কী বলব?
ক. উপন্যাস খ. নাটক গ. আরণ্যক ঘ. শ্রুতি

২। শূন্যস্থানের প্রযোজ্য শব্দ বা শব্দসমূহ উত্তরপত্রে লেখ : ১×১০=১০

ক. পরের কল্যাণ ও জগতের কল্যাণই এদের ——।
খ. হিন্দুরা সৃষ্টিকর্তাকে ——।
গ. জীবের উপকার করা মনেই ——।
ঘ. যোগ ব্যায়ামের একটি বিশেষ পদ্ধতিকে —— বলে।
ঙ. দেশের জন্য জন্ম নেয় —— ভালোবাসা।
চ. দেব-দেবীদের রূপের ধারণা দিয়েছেন ——।
ছ. হিন্দুধর্ম পৃথিবীর একটি ——।
জ. নিয়মিত আসন করলে শরীর —— থাকে।
ঝ. বশিষ্ঠের আশ্রমে ছিল একটি ——।
ঞ. বিনোদ —— খুব পছন্দ করতেন।

Teachingbd.com

http://teachingbd.com

৩। নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ: ১×১০=১০

ক. উপাসনা কাকে বলে?
খ. অবতাররূপে পৃথিবীতে আসার পর ঈশ্বরের প্রধান কাজ কী?
গ. মূল পুরাণ কয়খানা? দুটি মূল পুরাণের নাম লেখ।
ঘ. বিনোদ কেমন ছিলেন? তিনি বন্ধুদের নিয়ে কী করেছিলেন?
ঙ. উপাসনার ক্ষেত্রে আসনের ভূমিকা কী?
চ. ভীম রাক্ষসকে কীভাবে মেরেছিলেন?
ছ. ঋষি-কবিরা কিসের ধারণা দিয়েছেন?
জ. রাম কেন বনে গমন করেছিলেন?
ঝ. চার্চের কর্তৃপক্ষের সঙ্গে মার্গারেটের বিরোধ বাধে কেন?
ঞ. বিভিন্ন ধর্মের লোকেরা ঈশ্বরকে কী কী নামে ডাকে?

৪। ক, খ, গ ও ঘ নং প্রশ্নসহ যেকোনো ৮টি প্রশ্নের উত্তর দাও। ৫ × ৮ = ৪০

ক. আমরা কীভাবে ঈশ্বরের নিকট প্রার্থনা করি, এ সম্পর্কে পাঁচটি বাক্য লেখ।
খ. বশিষ্ঠ কীভাবে বিশ্বামিত্রকে আপ্যায়ন করলেন?
গ. ধর্মীয় সাম্য রক্ষা করে চললে পৃথিবী খুব সুন্দর হবে।– পাঁচটি বাক্যে ব্যাখ্যা কর।
ঘ. ভারতের স্বাধীনতার জন্য নিবেদিতা কী করেছিলেন?
ঙ. শিষ্টাচারের সঙ্গে ধর্মের সম্পর্ক ব্যাখ্যা কর।
চ. যোগ ব্যায়ামের প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর।
ছ. বিবেকানন্দের সঙ্গে মার্গারেটের সাক্ষাৎ হয় কখন এবং কীভাবে?
জ. 'সাধনার পথ বহু কিন্তু ঈশ্বর এক'– কথাটি বুঝিয়ে লেখ।
ঝ. বিনোদকে কেন ব্রিটিশ পুলিশ গ্রেফতার করেছিল?
ঞ. পরমতসহিষ্ণুতার গুরুত্ব ব্যাখ্যা কর।

## উত্তরমালা

১। ১। ঘ; ২। ক; ৩। ঘ; ৪। ঘ; ৫। ক; ৬। ক; ৭। খ; ৮। ক; ৯। ক; ১০। ঘ; ১১। খ; ১২। গ; ১৩। গ; ১৪। খ; ১৫। ক; ১৬। খ; ১৭। খ; ১৮। ঘ; ১৯। ক; ২০। গ; ২১। গ; ২২। গ; ২৩। ঘ; ২৪। ঘ; ২৫। খ; ২৬। ঘ; ২৭। ক; ২৮। খ; ২৯। ক; ৩০। ক; ৩১। ঘ; ৩২। গ; ৩৩। ঘ; ৩৪। খ; ৩৫। খ; ৩৬। খ; ৩৭। ঘ; ৩৮। ঘ; ৩৯। ক; ৪০। গ।

২। (ক) একমাত্র লক্ষ; (খ) ঈশ্বর; (গ) ঈশ্বরের সেবা করা; (ঘ) আসন; (ঙ) নিবিড়; (চ) মুনি-ঋষিরা; (ছ) প্রাচীন ধর্ম; (জ) সুস্থ; (ঝ) কামধেনু; (ঞ) কীর্তন।

Teachingbd.com

http://teachingbd.com